

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭৮]

- ৫. কিতাবুল গোসল (كتاب الغسل)
- পরিচ্ছেদঃ নির্জনে অথবা দেয়ালে ঘেরা স্থানে একাকী উলঙ্গ হয়ে গোসল করা

باب مَنِ اغْتَسَلَ عُرْيَانًا وَحْدَهُ فِي الْخَلْوَةِ، وَمَنْ تَسَتَّرَ فَالتَّسَتُّرُ أَفْضَلُ

### আরবী

الله عن أبي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ قَالَ كَانَتْ بَنُو إِسْرَائِيلَ يَغْتَسِلُونَ عُرَاةً يَنْظُرُ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ، وَكَانَ مُوسَى يَغْتَسِلُ وَحْدَهُ، فَقَالُوا: وَاللَّهِ مَا يَمْنَعُ مُوسَى أَنْ يَغْتَسِلَ مَعَنَا إِلا أَنَّهُ آدَرُ، فَذَهَبَ مَرَّةً يَغْتَسِلُ، فَوَضَعَ ثَوْبَهُ عَلَى حَجَرٍ، فَفَرَّ الْحَجَرُ بِثَوْبِهِ، فَخَرَجَ مُوسَى فِي إِثْرِهِ يَقُولُ: ثَوْبِي يَا حَجَرُ، حَتَّى نَظَرَتْ بَنُو إِسْرَائِيلَ إِلَى مُوسَى، فَقَالُوا: وَاللَّهِ مَا بِمُوسَى إِثْرِهِ يَقُولُ: ثَوْبِي يَا حَجَرُ، حَتَّى نَظَرَتْ بَنُو إِسْرَائِيلَ إِلَى مُوسَى، فَقَالُوا: وَاللَّهِ مَا بِمُوسَى مِنْ بَأْسٍ، وَأَخَذَ ثَوْبَهُ، فَطَفِقَ بِالْحَجَرِ ضَرْبًا. فَقَالَ: أَبُو هُرَيْرَةَ: وَاللَّهِ إِنَّهُ لَنَدَبُ بِالْحَجَرِ، سِتَّةً أَوْ سَبْعَةٌ ضَرْبًا بِالْحَجَرِ. (بخارى: الله الله عَرَبُهُ عَلَى الله عَرْبًا الْعَجَرِ.

#### বাংলা

১৯৫) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ বনী ইসরাঈলের লোকেরা উলঙ্গ হয়ে গোসল করত। একে অপরের দিকে তাকিয়ে দেখত। আর মূসা (আঃ) একাকী গোসল করতেন। তারা বললঃ আল্লাহর শপথ! মূসা আমাদের সাথে গোসল না করার কারণ হল, তার অন্তকোষ বড়। একবার তিনি গোসল করতে গিয়ে স্বীয় পরনের কাপড় একটি পাথরের উপর রেখে দিলেন। পাথরটি তাঁর কাপড় নিয়ে পালিয়ে য়েতে লাগল। মূসা (আঃ) পাথরের পিছনে দৌড়াতে লাগলেন আর বলতে লাগলেনঃ হে পাথর! আমার কাপড়! হে পাথর! আমার কাপড়! এ অবস্থায় বনী ইসরাঈলের লোকেরা তাঁর দিকে তাকিয়ে তাঁর গোপন স্থান দেখে নিল। তারা বললঃ আল্লাহর শপথ! মূসার শরীরে কোন প্রকার দোষ নেই। অতঃপর তিনি তাঁর কাপড় নিয়ে আসলেন এবং পাথরে আঘাত করতে লাগলেন। আবু হুরায়রা (রাঃ) বলেনঃ মূসা (আঃ)এর আঘাতে উক্ত পাথরে ছয়টি বা সাতিটি চিহ্ন পড়ে গিয়েছিল।

## **English**

Whosoever took a bath alone (in seclusion) completely naked

#### Narrated Abu Huraira:



The Prophet (ﷺ) said, 'The (people of) Bani Israel used to take bath naked (all together) looking at each other. The Prophet (ﷺ) Moses used to take a bath alone. They said, 'By Allah! Nothing prevents Moses from taking a bath with us except that he has a scrotal hernia.' So once Moses went out to take a bath and put his clothes over a stone and then that stone ran away with his clothes. Moses followed that stone saying, "My clothes, O stone! My clothes, O stone! till the people of Bani Israel saw him and said, 'By Allah, Moses has got no defect in his body. Moses took his clothes and began to beat the stone." Abu Huraira added, "By Allah! There are still six or seven marks present on the stone from that excessive beating."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন